



## প্রধানমন্ত্রী হিসেবে প্রথমবার বগুড়ায় তারেক রহমান



বগুড়ায় প্রবেশের সময় রাস্তার দুই পাশে অবস্থান নেওয়া নেতাকর্মীদের দিকে হাত নেড়ে শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান সোমবার সকাল ১০টার দিকে বগুড়া শহরের সাতমাথা এলাকায় পৌঁছেছেন। দায়িত্ব গ্রহণের পর এটিই তার প্রথম বগুড়া সফর। শহরে প্রবেশের সময় সড়কের দুই পাশে অবস্থান নেওয়া নেতাকর্মীদের দিকে হাত নেড়ে শুভেচ্ছা জানান তিনি।

এর আগে ভোর ৬টা ১০ মিনিটে রাজধানীর গুলশানের বাসভবন থেকে সড়কপথে বগুড়ার উদ্দেশে রওনা হন প্রধানমন্ত্রী। দিনব্যাপী সফরে তিনি বগুড়াকে দেশের ১৩তম সিটি করপোরেশন হিসেবে ঘোষণার ফলক উন্মোচনসহ বিভিন্ন উন্নয়ন ও রাজনৈতিক কর্মসূচিতে অংশ নিচ্ছেন।

সফরসূচি অনুযায়ী, সকাল ১১টায় জেলা আইনজীবী সমিতির নতুন ভবন উদ্বোধন, সোয়া ১১টায় জজ আদালতে ই-বেইলবন্ড চালু এবং সাড়ে ১১টায় বগুড়া পৌরসভাকে সিটি করপোরেশনে উন্নীত করার আনুষ্ঠানিকতা সম্পন্ন করার কথা রয়েছে।

এরপর বেলা পৌনে ১২টায় গাবতলীর বাগবাড়ীর উদ্দেশে রওনা হয়ে দুপুরের আগে জিয়াউর রহমান গ্রাম হাসপাতালে হামের টিকাদান কর্মসূচির উদ্বোধন করবেন তিনি।

বিকাল ৪টায় শহরের ঐতিহাসিক আলতাফুল্লাহা খেলার মাঠে জেলা বিএনপি আয়োজিত জনসভায় ভাষণ দেওয়ার কথা রয়েছে প্রধানমন্ত্রীর। জনসভা শেষে বগুড়া প্রেসক্লাবের নতুন ভবন এবং বায়তুর রহমান কেন্দ্রীয় মসজিদের পুনর্নির্মাণ কাজের উদ্বোধন করবেন।

সবশেষে, সন্ধ্যা সাড়ে ৬টায় বগুড়া পল্লী উন্নয়ন অ্যাকাডেমিতে সংক্ষিপ্ত যাত্রাবিরতির পর ঢাকার উদ্দেশে রওনা দেওয়ার কথা রয়েছে।